গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্লট নং-এফ/১৮-এ, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

বিষয়ঃ জিটিসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৩) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত অনলাইন সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক<br>ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, জিটিসিএল। |
| সভার তারিখ | : | ০৬-০৬-২০২৩ |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | : | জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | : | রেকর্ডেড |

ব্যবস্থাপনা পরিচালক এর অনুমতিক্রমে মহাব্যবস্থাপক (প্রশাসন), জিটিসিএল উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, জিটিসিএল-এর সার্বিক কার্যক্রম, স্বচ্ছতা, জবাবদিহিতা এবং অংশীজনদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষার্থে এ ধরনের সভার আয়োজন যথেষ্ট তাৎপর্য বহন করে। কোম্পানির অংশীজনের অধিকার রক্ষায় যেকোনো অভিযোগ বা পরামর্শ এধরনের সভায় উপস্থাপন হলে জিটিসিএল সর্বদাই সেগুলো গুরুত্বের সাথে গ্রহণ করে এবং কার্যকরী পদক্ষেপ নিয়ে সকলের অধিকার নিশ্চিতকরণে সচেষ্ট ভূমিকা পালন করে আসছে। এছাড়াও, জিটিসিএল মন্ত্রিপরিষদ বিভাগ, প্রশাসনিক মন্ত্রণালয় ও পেট্রোবাংলার গাইডলাইন অনুসরণ করে ২০১৬ সাল হতে নিয়মিত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন এবং সন্তোষজনকভাবে তা বাস্তবায়ন করছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ এর অনুচ্ছেদ-১.৩ অনুযায়ী এ সভায় আবশ্যিকভাবে সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য-অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। তিনি সভাটি সফলভাবে সম্পাদনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন এবং জিটিসিএল-এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) পবিত্র হজ্জব্রত পালনের উদ্দেশ্যে সৌদি আরব অবস্থান করায় এতদসংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট, উপব্যবস্থাপক (প্রশাসন)-কে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য কোম্পানিতে প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৩) এর লক্ষ্যমাত্রা ও অর্জন সংক্রান্ত তথ্যাদি উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

শুদ্ধাচার সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট, উপ-ব্যবস্থাপক (প্রশাসন) শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৩) এর লক্ষ্যমাত্রা ও অর্জনসমূহ একটি Power Point Presentation এর মাধ্যমে সভাকে অবহিত করেন। তিনি উক্ত উপস্থাপনায় নৈতিকতা কমিটির সভা আয়োজন, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stake holders) অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ, দুর্নীতি বিরোধী লিফলেট প্রকাশ ও প্রচার, কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে দুর্নীতি প্রতিরোধে সহায়ক ও করণীয় সংশ্লিষ্ট বিষয়ে সভা ও সেমিনারের আয়োজন, গাড়ীর জ্বালানি ব্যবহার যথার্থতা পরীক্ষণ (লগবই পরীক্ষা) সম্পর্কে বাস্তবায়ন ও অগ্রগতির আলোকপাত করেন।

এ পর্যায়ে, পেট্রোবাংলার নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সঠিক সময়ে যথাযথভাবে বাস্তবায়ন প্রচেষ্টার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। নির্দিষ্ট সময়ের মধ্যেই ৪র্থ কোয়ার্টারসহ অর্থবছরের সকল কোয়ার্টারের প্রতিবেদন যথাযথ প্রমাণকসহ একত্রে সঠিকভাবে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় শুদ্ধাচার পুরস্কার প্রদান কার্যক্রম অর্ন্তভুক্ত না থাকলেও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী কোম্পানিতে এতদসংক্রান্ত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে তা সম্পন্ন করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে আহবান জানান। অর্থ বছরের শেষ সময়ে ঈদ-উল-আযহা উপলক্ষে ছুটি থাকবে বিধায় পুরস্কার প্রদান সংক্রান্ত যাবতীয় সকল কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য পরামর্শ প্রদান করেন।

Scanned with CamScanner

এ প্রসঙ্গে, কোম্পানির শুদ্ধাচার সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট, উপব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, জিটিসিএল ইতোমধ্যে পুরস্কার বিতরণী বিষয়ক কার্যক্রম গ্রহণ করেছে এবং অর্থ বছরের নির্ধারিত সময়ের মধ্যেই তা সম্পন্ন হবে বলে আশা করা যায়।

সভার এ পর্যায়ে, বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল সংক্রান্ত ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেনেন্স) জিটিসিএল নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ৮০% নির্ধারণের বিষয়ে জানতে চাইলে বিকল্প ফোকাল পয়েন্ট, উপব্যবস্থাপক (প্রশাসন) অবহিত করেন যে, মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক মাঠ পর্যায়ের কার্যালয়ের জন্য জারিকৃত "আঞ্চলিক ও মাঠপর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ এর অনুচ্ছেদ-১.২ অনুসরণ ও সম্ভাব্য কোভিড-১৯ মহামারি পরিস্থিতি বিবেচনায় এরূপ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, তবে নির্দেশনা অনুযায়ী জিটিসিএল সর্বদাই ১০০% লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করে আসছে এবং সেই ধারাবাহিকতায় এবারও ১০০% বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে।

শুদ্ধাচার সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট, উপ-ব্যবস্থাপক (প্রশাসন), পূর্ব নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী সিটিজেন চার্টার, জিআরএস ও তথ্য-অধিকার আইন সম্পর্কে জিটিসিএল-এর সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণ-কে আলোচনার জন্য আহবান জানালে তারা তাদের স্ব-স্ব কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন ও অগ্রগতি উপস্থাপন করেন। উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস), জিটিসিএল সিটিজেন চার্টার সম্পর্কে অংশীজনদের মধ্যে সাম্প্রতিক কাজের অগ্রগতি তুলে ধরেন। পরবর্তীতে, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সম্পর্কে বর্তমান অবস্থা, কার্যক্রম তুলে ধরেন ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক (বোর্ড)। এছাড়াও, জিটিসিএল তথ্য অধিকার আইন সম্পর্কে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (ল এন্ড শেয়ার)-এর অনুপস্থিতিতে বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ব্যবস্থাপক (শেয়ার) অংশীজনদের মাঝে তথ্য-অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত পরিকল্পনার বিভিন্ন অনুচ্ছেদ সম্পর্কে কোম্পানির বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনা তুলে ধরেন।

মহাব্যবস্থাপক (প্রশাসন), জিটিসিএল বলেন, এ ধরণের অংশীজনের সভা আয়োজন একটি প্রশংসনীয় উদ্যোগ এবং প্রতি সভায় আন্ত:কোম্পানির পারস্পরিক আলোচনার ফলে সুপরামর্শের মাধ্যমে অনেক সমস্যার সমাধান হচ্ছে। পাশাপাশি অন্যান্যদের অভিজ্ঞতা থেকে আমরা প্রতিনিয়ত নিজেদেরকে সমৃদ্ধ করছি।

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রাসমূহ নির্ধারিত সময়ের মধ্যেই অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) পেট্রোবাংলার নির্দেশনার আলোকে ৪র্থ কোয়ার্টার বাস্তবায়ন প্রতিবেদনের সাথে ১ম, ২য় ও ৩য় কোয়ার্টার-এর বাস্তবায়ন প্রতিবেদন একত্রে নির্ধারিত সময়ে প্রেরণ করতে হবে।

গ) শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী কোম্পানিতে এতদসংক্রান্ত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতির পক্ষে মহাব্যবস্থাপক (প্রশাসন) উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৬/২০২৩

(প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি, নৈতিকতা কমিটি।

Scanned with CamScanner